# কী সেবা কীভাবে পাবেন

## ৬। নির্বাচন কমিটি নিয়োগের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন;

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০৭ | উপজেলা/ মেট্রোপলিটন থানা/জেলা সমবায় অফিস/ সমবায় অধিদপ্তর | নির্বাচন কমিটি নিয়োগের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমবায় আইন অনুযায়ী প্রতিটি সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করতে হয়। সে লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি গঠনের নিমিত্ত আবেদনকারী সমিতি নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৫ দিন পূর্বে জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক বরাবরে, কেন্দ্রীয় ও যেসমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্ধ্বে সেই সকল সমিতি উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার বরাবরে এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা পর্যন্ত উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বরাবরে নির্বাচন কমিটি গঠনের আবেদন দাখিল করতে হয়। দাখিলকৃত আবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যাচাই-বাছাই শেষে নির্বাচন অনুষ্ঠানের ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ প্রদান করেন এবং নির্বাচন কমিটি গঠনের আদেশটি সংশ্লিষ্ট নির্বাচন কমিটি/ সমিতি/দপ্তরে প্রেরণ করা হয়।<br><br>পরবর্তীতে নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচনী তফসিল জারি করা হয় এবং নির্বাচনী তফসিল মোতাবেক যাবতীয় কার্যক্রম শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করেন। উক্ত নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট প্রার্থী, সমিতি ও দপ্তরে প্রেরণ করা হয়। এরপর প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির নিকট হতে নব-নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি সমিতির দায়িত্ব ভার গ্রহণ করে ব্যবস্থাপনা কমিটি গঠনের কার্যক্রম শেষ হয়। | ৪৫ দিন | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের ক্ষেত্রে জেলা সমবায় অফিসার<br>২. জেলা সমবায় অফিসারের ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক<br>৩. যুগ্ম-নিবন্ধকের ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক<br>৪. নিবন্ধক ও মহাপরিচালকের ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |